**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 24-05-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামীকাল ২০২৬ সালের পদ্ম পুরস্কার প্রদান করবেন।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জানিয়েছেন, উত্তর-পূর্বাঞ্চল আজ দেশের উন্নয়নের অন্যতম অগ্রগামী অঞ্চল।**

**(৩) কেন্দ্রীয় সরকারের "ফিট ইন্ডিয়া" ও "খেলো ইন্ডিয়া"' জাতীয় কর্মসূচির অধীনে BSF ও আসাম রাইফেলস -এর উদ্যোগে রাজ্যে বাই-সাইকেল রেলি অনুষ্ঠিত হয়।**

**(৪) আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সাত জেলায়** বজ্রবিদ্যুৎ **এবং ঘন্টায় ৪0 থেকে ৫0 কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি ।**

*********************************************************

## Padma Award:

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামীকাল ২০২৬ সালের পদ্ম পুরস্কার প্রদান করবেন। এই বছর ভারত সরকার মোট ১৩১টি পদ্ম পুরস্কার ঘোষণা করেছে। এর মধ্যে রয়েছে পাঁচটি পদ্মবিভূষণ, ১৩টি পদ্মভূষণ এবং ১১৩টি পদ্মশ্রী পুরস্কার। পুরস্কার প্রাপ্তদের মধ্যে ১৯ জন নারী এবং ১৬ জনকে মরণোত্তর এই পুরস্কার প্রদান করা হবে। উল্লেখ্য, পদ্ম পুরস্কার, যথা পদ্মবিভূষণ, পদ্মভূষণ এবং পদ্মশ্রী, দেশের সর্বোচ্চ বেসামরিক পুরস্কারগুলির মধ্যে অন্যতম। ১৯৫৪ সালে প্রবর্তিত এই পুরস্কারগুলি প্রতি বছর প্রজাতন্ত্র দিবসের অনুষ্ঠানে ঘোষণা করা হয়। এই

পুরস্কারের উদ্দেশ্য হলো বিশিষ্ট কাজের স্বীকৃতি দেওয়া এবং এটি শিল্পকলা, সাহিত্য, শিক্ষা, ক্রীড়া, চিকিৎসা, সমাজসেবা, বিজ্ঞান ও প্রকৌশল, জনবিষয়ক এবং বাণিজ্য ও শিল্প সহ বিভিন্ন ক্ষেত্র ও শাখায় অসামান্য এবং ব্যতিক্রমী কৃতিত্বের জন্য প্রদান করা হয়।

**************************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জানিয়েছেন, উত্তর পূর্বাঞ্চল আজ দেশের উন্নয়নের অন্যতম অগ্রগামী অঞ্চল। কেন্দ্রীয় যোগাযোগ ও উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়ার একটি প্রবন্ধ সমাজমাধ্যমে সবার সঙ্গে ভাগ করে আজ প্রধানমন্ত্রী একথা উল্লেখ করেন। প্রবন্ধে কাঞ্চনজঙ্ঘার পাঁচটি সম্পদ, প্রাকৃতিক ঐশ্বর্য, জীববৈচিত্র, সংস্কৃতি, পর্যটন ও জলসম্পদ কিভাবে সিকিমের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে এবং "ভ্যাইব্রান্ট সিকিম ২০৪৭"এর পথ দেখাচ্ছে তা তুলে ধরা হয়েছে।

**************************

**Dr. S Jaishankar:**

বিদেশমন্ত্রী ড. এস জয়শঙ্কর এবং মার্কিন বিদেশসচিব মার্কো রুবিও আজ নয়াদিল্লিতে দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হয়েছেন। বৈঠকে দুই দেশের মধ্যে বাণিজ্য, জ্বালানি, যোগাযোগ এবং আঞ্চলিক নিরাপত্তা সহ বিভিন্ন বিষয়ে সহযোগিতা আরও সুদৃঢ় করার ওপর গুরুত্ব আরোপ করা হয়। বৈঠকের পর ড. জয়শঙ্কর বলেন, ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের সম্পর্ক একটি বিস্তৃত বৈশ্বিক কৌশলগত অংশীদারিত্ব, যা বিশ্বের বিভিন্ন অঞ্চলে প্রভাব ফেলে। তিনি দ্রুত বাণিজ্য চুক্তি সম্পন্ন করা, জ্বালানি সহযোগিতা বৃদ্ধি এবং নিরাপদ সামুদ্রিক বাণিজ্যের প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব দেন।

########Byte S Jaishankar#########

এদিকে, মার্কিন বিদেশসচিব মার্কো রুবিও ভারতকে যুক্তরাষ্ট্রের অন্যতম গুরুত্বপূর্ণ অংশীদার হিসেবে উল্লেখ করেন। তিনি বলেন, সন্ত্রাসবাদ মোকাবিলা এবং জ্বালানি ক্ষেত্রে দুই দেশের কৌশলগত সমন্বয় রয়েছে।

***************************

**Dharmendra Pradhan CBSE:**

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন সিবিএসই-কে ত্রুটিমুক্ত পুনর্মূল্যায়ন প্রক্রিয়া নিশ্চিত করতে সহায়তা করার জন্য আইআইটি-মাদ্রাজ এবং আইআইটি-কানপুর থেকে অধ্যাপক ও প্রযুক্তি বিশেষজ্ঞদের একটি দল পাঠানোর নির্দেশ দিয়েছেন।

সিবিএসই-র ফলাফল-পরবর্তী পরিষেবা পোর্টাল সংক্রান্ত বিভিন্ন ঘটনা এবং ছাত্রছাত্রী ও অভিভাবকদের উত্থাপিত উদ্বেগের পরিপ্রেক্ষিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় এক বিবৃতিতে জানিয়েছে যে, আইআইটি-র বিশেষজ্ঞ দল সিস্টেমগুলির প্রযুক্তিগত উন্নতি সাধন করবে এবং বিশেষভাবে পোর্টালের স্থিতিশীলতা ও সার্ভারের কার্যকারিতা পরীক্ষা করবে।

***************************

**Rajib Ranjan Shing:**

কেন্দ্রীয় মৎস্য, পশুপালন ও দুগ্ধশিল্প মন্ত্রী রাজীব রঞ্জন সিং আগামীকাল মিজোরামের আইজলে উত্তর-পূর্বাঞ্চলের আঞ্চলিক পর্যালোচনা সভায় পৌরহিত্য করবেন। এই সভার প্রধান উদ্দেশ্য হবে উত্তর-পূর্বাঞ্চল জুড়ে মৎস্য, পশুপালন এবং দুগ্ধ খাতে বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্প ও কর্মসূচির অগ্রগতি পর্যালোচনা করা। মৎস্য চাষীদের কল্যাণ ও জীবিকা উন্নয়নের ভবিষ্যৎ কৌশল

নিয়েও আলোচনা অনুষ্ঠিত হবে। বৈঠকে কেন্দ্রীয় মৎস্য, পশুপালন ও দুগ্ধশিল্প প্রতিমন্ত্রী অধ্যাপক এসপি সিং বাঘেলও উপস্থিত থাকবেন।

***************************

**Ebola:**

ইবোলা প্রাদুর্ভাব পরিস্থিতির পরিপ্রেক্ষিতে, সরকার সমস্ত ভারতীয় নাগরিকদের পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত গণতান্ত্রিক প্রজাতন্ত্র কঙ্গো, উগান্ডা এবং দক্ষিণ সুদানে অপ্রয়োজনীয় ভ্রমণ এড়িয়ে চলার পরামর্শ দিয়েছে। তাছাড়া, বর্তমানে এই দেশগুলিতে বসবাসরত বা ভ্রমণরত ভারতীয় নাগরিকদের স্থানীয় কর্তৃপক্ষের জারি করা জনস্বাস্থ্য নির্দেশিকা কঠোরভাবে অনুসরণ করতে এবং অতিরিক্ত সতর্কতা অবলম্বন করার নির্দেশ দেওয়া হয়েছে।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে এখন পর্যন্ত ইবোলা রোগ প্রাদুর্ভাবের কোনো খবর নেই।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

***************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১শে মে, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩৪ তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮০০-১১-৭৮০০ নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। তাছাড়া ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে যে লিঙ্ক পাওয়া যাবে তাতেও মতামত জানানো যাবে। ফোনলাইন এমাসের ২৯ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

***************************

**BJP:**

আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে আজ মহিলা মোর্চার সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে সরকারের ১২ বছর পূর্তি উপলক্ষে বিভিন্ন কর্মসূচি নিয়ে আলোচনা করা হয়। প্রদেশ বিজেপি সভাপতি, সাংসদ রাজীব ভট্টাচার্য, প্রদেশ মহিলা মোর্চার সভানেত্রী মিমি মজুমদার সহ অন্যান্য নেতৃবৃন্দ বৈঠকে উপস্থিত ছিলেন।

***************************

**VB-G-Ram-G:**

সরকার বৃহত্তর জনমত গ্রহণের জন্য ভিবি-জি রাম জি আইন, ২০২৫-এর অধীনে খসড়া বিধিমালা গতকাল প্রকাশ করেছে। গ্রামোন্নয়ন মন্ত্রক জানিয়েছে, যেকোনো ব্যক্তি, অংশীজন, সংস্থা বা প্রতিষ্ঠান আগামী ২১ জুনের মধ্যে খসড়া বিধিমালাটির উপর আপত্তি বা পরামর্শ জমা দিতে পারবেন।

বিকশিত ভারত-জি রাম জি আইনটি ২০ বছর পুরনো মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান নিশ্চয়তা আইন, ২০০৫-কে প্রতিস্থাপন করেছে। নতুন এই আইনের লক্ষ্য হলো একটি অর্থ বছরে বিধিবদ্ধ কর্মসংস্থান নিশ্চয়তার সময়কাল ১০০ দিন থেকে বাড়িয়ে ১২৫ দিন করা। বিকশিত ভারত-জি রাম জি আইনটি আগামী ১লা জুলাই থেকে দেশের সর্বত্র কার্যকর করা হবে।

***************************

**Blood Donation:**

ত্রিপুরা আচার্য্য সমাজ কল্যাণ পরিষদ আজ আগরতলায় নেতাজি সুভাষ বিদ্যানিকেতন উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন করে। উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য, কর্পোরেটর রত্না দত্ত৷ শিবিরে ৪২ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

***************************

**West Bengal Re-poll:**

পশ্চিমবঙ্গের ফলতা বিধানসভা কেন্দ্রের পুনঃনির্বাচনে ভারতীয় জনতা পার্টির প্রার্থী দেবাংশু পান্ডা বিপুল ভোটে জয়লাভ করেছেন। শ্রী পান্ডা এক লক্ষ নয় হাজারেরও বেশি ভোটের ব্যবধানে এই আসনে জয়ী হয়েছেন।

ভারতের কমিউনিস্ট পার্টি (মার্ক্সবাদী)-র প্রার্থী শম্ভু নাথ কুর্মি চল্লিশ হাজার ছয়শ'র বেশি ভোট পেয়ে দ্বিতীয় স্থান অধিকার করেছেন। কংগ্রেস প্রার্থী

আবদুর রাজ্জাক মোল্লা তৃতীয় হয়েছেন এবং তৃণমূল কংগ্রেস প্রার্থী জাহাঙ্গীর খান সাত হাজার সাতশ'র বেশি ভোট পেয়ে চতুর্থ স্থানে নেমে গেছেন।

***************************

**By-Cycle Rally-BSF:**

কেন্দ্রীয় সরকারের "ফিট ইন্ডিয়া" ও "খেলো ইন্ডিয়া"' জাতীয় কর্মসূচির অধীনে BSF এর ১৯৯ নম্বর ব্যাটালিয়নের উদ্যোগে আজ কৈলাশহরে বাই-সাইকেল রেলি অনুষ্ঠিত হয়। এই কর্মসূচির মূল ভাবনা ছিল, →ফিটনেস কি ডোজ, আধা-ঘন্টা রোজ"। কৈলাশহরের প্রত্নতাত্ত্বিক নিদর্শন ঊনকোটি'র ট্রেকিং পয়েন্ট সংলগ্ন কৈলাশহর-ধর্মনগর সড়কপথে এই বাই-সাইকেল রেলি'র শুরু হয়। BSF এর ১৯৯ নং ব্যাটেলিয়ানের কমান্ডেন্ট অতুল সাইনি পতাকা নেড়ে রেলির আনুষ্ঠানিক সূচনা করেন। উপস্থিত ছিলেন, বাহিনীর ডেপুটি কমান্ডেন্ট দেবেন্দর কুমার সহ পদস্থ আধিকারিকরা। এই কর্মসূচিতে BSF এর পুরুষ ও মহিলা জোয়ান'রা অংশগ্রহণ করেন। রেলি'টি দীর্ঘ প্রায় এগারো কিলোমিটার পথ পরিক্রমা শেষে টিলাবাজার BOP'তে গিয়ে শেষ হয়।

***************************

**Fit India:**

ফিট ইন্ডিয়া আন্দোলনের কর্মসূচিতে আজ আগরতলায় সাইকেল র‍্যালি ও যোগব্যায়াম আয়োজন করেছে আসাম রাইফেলস। আজ বাহিনীর আগরতলা গ্যারিসনে আয়োজিত এই কর্মসূচিতে প্রায় ৫0 জন জওয়ান অংশ নেন। সাইকেল র‍্যালিটি আগরতলা গ্যারিসন থেকে শালবাগান পর্যন্ত অনুষ্ঠিত হয়। আসাম রাইফেলস জানিয়েছে, ফিট ইন্ডিয়া আন্দোলনের জাতীয় ভাবনার সঙ্গে সামঞ্জস্য রেখে বাহিনীর জওয়ানদের মধ্যে সুস্থতা ও ফিটনেসের সংস্কৃতি গড়ে তুলতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে।

***************************

**Weather :**

দক্ষিন-পশ্চিম মৌসুমী বায়ু কেরলম অভিমুখে এগিয়ে আসছে| ভারতীয় আবহাওয়া বিভাগের পূর্বাভাসে বলা হয়েছে আগামী ২৬শে মে কেরলম-এ আনুষ্ঠানিকভাবে বর্ষা প্রবেশ করার সম্ভাবনা রয়েছে। আজ সন্ধ্যায় আবহাওয়া বিভাগের পূর্বাভাসে আরও বলা হয়েছে যে আগামী দুই তিন দিনের মধ্যে দক্ষিন-পশ্চিম মৌসুমী বায়ু আরব সাগরের দক্ষিন-পশ্চিম ও দক্ষিন-পূর্ব অংশে এবং বঙ্গোপসাগরের দক্ষিন-পশ্চিম, দক্ষিন-পূর্ব অংশে প্রবেশ করতে পারে|

এদিকে, আগরতলায় আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, ধলাই, ঊনকোটি, খোয়াই, উত্তর ও সিপাহীজলা জেলায় বজ্রবিদ্যুৎ এবং ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে। রাজ্যে আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২.৪ ডিগ্রি সেলসিয়াস।

***************************

***************************